# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১৬৫. কবর বা মাজারের দিকে ফিরে নামায পড়া

কবর বা মাজারের দিকে ফিরে নামায পড়া হারাম।

আবূ মার্সাদ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَا تَجْلِسُوْا عَلَى الْقُبُوْرِ وَلَا تُصَلُّوْا إِلَيْهَا.

“তোমরা কবরের উপর বসোনা এবং উহার দিকে ফিরে নামাযও পড়ো না”। (মুসলিম ৯৭২; আবূ দাউদ ৩২২৯ ইব্নু খুযাইমাহ্, হাদীস ৭৯৩)

আনাস্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى النَّبِيُّ ﷺ عَنِ الصَّلَاةِ بَيْنَ الْقُبُوْرِ.

“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কবরস্থানে নামায পড়তে নিষেধ করেছেন। (ইব্নু হিববান, হাদীস ৩৪৫; আবূ ইয়া’লা ২৮৮৮ বায্যার/কাশ্ফুল আস্তার, হাদীস ৪৪১, ৪৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6841

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন